

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১, অধিশাখা
www.mopme.gov.bd

স্মারক নং- ৩৮.০০৭.০১৫.০০০.০৩.০০.২০১৩/৮০৭

তারিখঃ ৫ অগ্রহায়ন ১৪২৪
১৯ নভেম্বর ২০১৭

বিষয়ঃ বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক (চাকুরীর শর্তাদি নির্ধারণ) বিধিমালা ২০১৩ এর সংশোধিত প্রজ্ঞাপন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রক্ষিতে বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক (চাকুরীর শর্তাদি নির্ধারণ) বিধিমালা ২০১৩ এর সংশোধিত প্রজ্ঞাপনের গেজেটটি এতদসঙ্গে প্রেরণপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : সংশোধিত প্রজ্ঞাপনের কপি ০২ (দুই) ফর্ম।

১১/১১/১৭
(মনোয়ারা ইশরাত)
উপসচিব
ফোন- ৯৫১১০৭৩

মহাপরিচালক,
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর,
মিরপুর-২, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

- ১। হিসাব মহানিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা।
- ২। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সিএজি ভবন, ৫ম তলা, সেগুন বাগিচা, ঢাকা।
- ৫। সিটেম এনালিষ্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েভ সাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সকল।
- ৭। নথি।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ৩১, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

বিদ্যালয়-১, অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১১ কার্তিক, ১৪২৪ বঙ্গাব্দ/২৬ অক্টোবর, ২০১৭ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ৩০৮-আইন/২০১৭।—Primary Schools (Taking Over) Act, 1974 (Act No. VIII of 1974), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 6, section 3 এর sub-section (2) এর clause (b) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অধিগ্রহণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক (চাকুরীর শর্তাদি নির্ধারণ) বিধিমালা, ২০১৩ এর সংশোধনের প্রস্তাব করিয়া এতদ্বারা উহা প্রাক-প্রকাশ করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৪ এর উপ-বিধি (১) এর দফা (খ) এর প্রান্তঃছিত দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিষ্ঠাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা :—

“তবে শর্ত থাকে যে, এই দফার অধীন নিয়োগপ্রাপ্ত কোন শিক্ষকের চাকুরী ১৯ জুন, ২০১৭ খ্রিঃ তারিখ বা উহার পূর্বে ২১ (একুশ) বৎসর বা অধিক কাল পূর্ণ হইলে এবং তিনি সার্টিফিকেট ইন এডুকেশন বা সমমানের পরীক্ষার সার্টিফিকেট প্রাপ্ত হইলে তাহার ক্ষেত্রে উক্ত যোগ্যতা অর্জনের শর্ত প্রযোজ্য হইবে না।”।

(১৩৫২৩)

মূল্য : টাকা ৪.০০

২। উপরি-উক্ত সংশোধনী প্রস্তাব সম্পর্কে কাহারো কোন আপত্তি বা পরামর্শ থাকিলে, সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে উহা, এই প্রজ্ঞাপন সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে অনধিক ১০ (দশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌছাইবার জন্য অনুরোধ করা যাইতেছে। উক্ত সময়ের মধ্যে সংশোধনী প্রস্তাব সম্পর্কে কোন আপত্তি বা পরামর্শ পাওয়া গেলে সরকার উহা বিবেচনাক্রমে প্রস্তাবিত সংশোধনী চূড়ান্ত করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

পুলক রঞ্জন সাহা
যুগ্ম সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd